

০১ মে, ২০২৪

বরাবর

চেয়ারম্যান

ইকোরচালি ইউনিয়ন পরিষদ

ইকরচালি, রংপুর সদর, রংপুর

বিষয়: টিউবওয়েল সংস্থাপনের জন্য আবেদন।

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আমি আপনার দায়িত্বরত ইকরচালি ইউনিয়ন পরিষদের অন্তর্ভুক্ত ৯ নং ওয়ার্ডের কিশামত হরকলি গ্রামের মধ্যপাড়ার একজন বাসিন্দা। বিগত কয়েকমাস যাবত আমাদের এলাকায় বিশুদ্ধ পানির অনেক সংকট দেখা দিয়েছে। খাওয়া এবং ব্যবহার করার জন্য অনেকেই পুকুর এবং খালের পানি ব্যবহার করছে। একারণে, এলাকার অধিকাংশ মানুষ পানিবাহিত রোগে আক্রান্ত হয়েছে।

অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন এই যে, আমাদের এলাকায় নিরাপদ পানির ব্যবস্থা করতে আর্সেনিকমুক্ত দুইটি টিউবওয়েল সংস্থাপনের ব্যবস্থা করলে আপনার মর্জি হয়।

নিবেদক-

মো: ফারহান ইসরাক

গ্রাম: কিশামত হরকলি

ওয়ার্ড নং: ০৯

০১ মে, ২০২৪

বরাবর

মানবসম্পদ ব্যবস্থাপক

স্কয়ার ফার্মাসিউটিক্যালস কোম্পানি লিমিটেড

ডিসির মোড়, রংপুর সদর, রংপুর

বিষয়: বিশেষ প্রয়োজনে অফিস থেকে ছুটির জন্য আবেদন।

মহোদয়,

সবিনয় নিবেদন এই যে, আমি আপনার প্রতিষ্ঠানে বিগত ০৪ বছর যাবত সৎ এবং নিষ্ঠার সহিত আমার উপর অর্পিত দায়িত্ব পালন করে আসছি। বিগত বছরগুলোতে আমি নিয়মিত অফিস এসেছি আমার আমার কাজগুলো সফলতার সাথে সম্পন্ন করেছি। প্রতিষ্ঠানের উন্নতিতে আমি অনেক ভূমিকা রাখতে পেরেছি। আগামী ০২ মে হতে ০৫ মে পর্যন্ত আমার ছোট বোনের বিবাহ অনুষ্ঠান আয়োজিত হতে যাচ্ছে।

অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন এই যে, আমার ছোট বোনের বিয়ের অনুষ্ঠানে আমার উপর অর্পিত দায়িত্বগুলো পালন করার জন্য আমাকে ০৪ দিনের ছুটি প্রদান করে বাধিত করবেন।

নিবেদক-

মো: ফারহান ইসরাক

সহকারী বিপণন ব্যবস্থাপক

মোবাইল নং: ০১৭৩৪-০০৪৪৫৬

০১ মে, ২০২৪

বরাবর

প্রধান শিক্ষক

রংপুর সরকারি কলেজ

রংপুর সদর, রংপুর

বিষয়: অগ্রিম ছুটি চেয়ে আবেদন

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আমি আপনার প্রতিষ্ঠানের দ্বাদশ শ্রেণির একজন নিয়মিত ছাত্র। বিগত ১ বছর যাবত আপনার প্রতিষ্ঠান নিয়মিত পড়ালেখা করছি। একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষায় প্রথম স্থান অর্জন করে দ্বাদশ শ্রেণিতে উত্তীর্ণ হয়েছে। আগামী ০৩ তারিখ হতে ০৫ তারিখ পর্যন্ত আমার বড় বোনের বিয়ের অনুষ্ঠান আয়োজিত হতে যাচ্ছে। উক্ত অনুষ্ঠানে আমার উপর অনেক কাজের দায়িত্ব দেয়া হয়েছে। একারণে, আমি আগামী ০২ মে থেকে ০৬ মে পর্যন্ত কলেজে উপস্থিত হতে পারবো না।

অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন এই যে, আমাকে আগামী ০২ মে হতে ০৬ মে পর্যন্ত অগ্রিম ছুটি প্রদান করে বাধিত করবেন।

নিবেদক-

আপনার একান্ত অনুগত ছাত্র

মো: ফারহান ইসরাক

শ্রেণি: দ্বাদশ

রোল নং: ০১